তারিখ 25 NOV 1995
পৃষ্ঠা ২ কলাম ৫

7

The Bangladesh Observer

# বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

ময়মনসিংহ

## ১৯৯৫-৯৬ শিক্ষা-বর্ষে প্রথম পর্ব স্নাতক শ্রেণীতে ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ১৯৯৫-৯৬ শিক্ষা-বর্ষে ভেটেরিনারি, কৃষি, পশু পালন, কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজ বিজ্ঞান, কৃষি প্রকৌশল ও কারিগরী এবং মাৎস্য বিজ্ঞান অনুষদের প্রথম পর্ব স্নাতক শ্রেণীতে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অনুষদওয়ারী আসন সংখ্যা হচ্ছে ঃ (১) ভেটেরিনারি অনুষদ-৮০, (২) কৃষি অনুষদ-২৫০, (৩) পশু পালন অনুষদ-৬০, (৪) কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজ বিজ্ঞান অনুষদ-৬০, (৫) কৃষি প্রকৌশল ও কারিগরী অনুষদ-৬০ এবং (৬) মাৎস্য বিজ্ঞান অনুষদ-৬০। মোট আসন সংখ্যা ৫৭০। এছাড়া বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতীয় এবং অ-উপজাতীয় প্রার্থীদের জন্য মোট আসনের অতিরিক্ত ৩টি আসন সংরক্ষিত থাকবে।

ভর্তির জন্য আবেদনের ন্যূনতম যোগ্যতা ঃ যে সব ছাত্র-ছাত্রী বিজ্ঞান গ্রুপে ১৯৯২ বা ১৯৯৩ সনে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা বা সমমানের পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগে পাশ করে পরবর্তীতে পদার্থবিদ্যা, রসায়ন, গণিত ও জীববিদ্যাসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা বা সমমানের পরীক্ষায় উল্লিখিত প্রতি বিষয়ে ন্যূনতম শতকরা ৪০ নম্বরসহ কমপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে কেবলমাত্র সেসব ছাত্র-ছাত্রী ভর্তির জন্য আবেদন করতে পারবে।

ভর্তির জন্য আবেদনের নিয়ম ঃ পূবালী ব্যাংক লিঃ, কৃষি বিশ্ববিদ্যালয় চত্বর শাখা এবং ঢাকাস্থ মতিঝিল শাখায় (সেনাকল্যাণ ভবনে অবস্থিত) টাঃ ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) জমা দিয়ে আগামী ৯-১২-৯৫ থেকে ৩১-১২-৯৫ তারিখ পর্যন্ত ব্যাংক চলাকালীন সময়ে ভর্তির আবেদনপত্র এবং ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য সম্বলিত ভর্তি নির্দেশিকা সংগ্রহ করা যাবে। ভর্তির আবেদনপত্রের সাথে ৩ (তিন) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, মাধ্যমিক স্কুল ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষার মূল মার্ক-শীটের সত্যায়িত ফটোকপি অবশ্যই সংযোজন করতে হবে। ভর্তির আবেদনপত্র পূরণ করে তা সর্বশেষ আগামী ২-১-৯৬ তারিখ অপরাহ্ন ১ ঘটিকার মধ্যে সরাসরি অথবা ডাকযোগে "আহ্বায়ক, ডীন পরিষদ ও ডীন, কৃষি প্রকৌশল ও কারিগরী অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ডাকঘর ঃ কৃষি বিশ্ববিদ্যালয়, জিলাঃ ময়মনসিংহ, পোষ্টাল কোড ঃ ২২০২," এ ঠিকানায় অবশ্যই পৌছাতে হবে। প্রকাশ থাকে যে, ডাকের গোলযোগ বা অন্য কোন কারণে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তির আবেদনপত্র না পৌছালে তা গ্রহণযোগ্য হবে না।

সংরক্ষিত আসনে ভর্তিচ্ছু বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতীয় ও অ-উপজাতীয় প্রার্থীদেরকে স্ব স্ব জেলা প্রশাসকের নিকট থেকে জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত প্রত্যায়নপত্র গ্রহণ করে তা ভর্তির আবেদনপত্রের সংগে দাখিল করতে হবে। আবেদনপত্রের শীর্ষদেশে "সংরক্ষিত আসনে ভর্তির জন্য আবেদন" এ মর্মে উল্লেখ থাকতে হবে।

ভর্তির জন্য লিখিত নির্বাচনী পরীক্ষা ঃ প্রাথমিক বাছাইয়ের পর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা বা সমমানের পরীক্ষায় মোট প্রাপ্ত নম্বরের মেধাক্রম অনুসারে নির্ধারিত আসনের সর্বোচ্চ দশগুণ সংখ্যক প্রার্থীদের লিখিত নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ঢাকা হবে। (উল্লেখ্য যে, বিগত ৩ শিক্ষা-বর্ষের ভর্তি প্রক্রিয়ায় লক্ষ্য করা গেছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় সম্মিলিতভাবে যারা ১২০০ নম্বরের কম নম্বর পেয়েছে তারা লিখিত নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পায়নি) সংরক্ষিত আসনের প্রার্থীদের একই পদ্ধতিতে লিখিত নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে।

সকল অনুষদের জন্য কেন্দ্রীয়ভাবে ২০০ নম্বরের লিখিত নির্বাচনী পরীক্ষা আগামী ২০-১-৯৬ তারিখে অনুষ্ঠিত হবে। পরীক্ষা অনুষ্ঠানের সময়কাল হবে সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত। উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাঠ্যক্রম অনুসরণে পদার্থবিদ্যা, রসায়ন, গণিত ও জীববিদ্যা বিষয়ের উপর মালটিপল চয়েস কোশ্চেনস্ (MCQ) পদ্ধতিতে লিখিত নির্বাচনী পরীক্ষার প্রশ্নপত্র প্রণীত হবে। প্রশ্নপত্রের সাথে সংযোজিত নির্দিষ্ট উত্তরপত্রে প্রশ্নের উত্তর দিতে হবে, যা অপটিক্যাল মার্ক রিডিং (OMR) মেশিনে মূল্যায়ন করা যায়।

মেধাস্কোর ঃ লিখিত নির্বাচনী পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের শতকরা ৫ (পাঁচ) ভাগ নম্বর যোগ করে ভর্তির জন্য প্রার্থীর মেধাক্রম নির্ধারণ করা হবে এবং এ মেধাক্রম অনুসারে নির্ধারিত ৫৭০ জন প্রার্থীর একটি চূড়ান্ত তালিকা এবং পরিমিত সংখ্যক প্রার্থীদের নিয়ে একটি অপেক্ষমান তালিকা প্রণয়ন করা হবে। চূড়ান্ত তালিকার অন্তর্ভূক্ত কোন প্রার্থী ভর্তি না হলে অপেক্ষামান তালিকা হতে মেধাক্রম অনুযায়ী ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। সংরক্ষিত আসনের প্রার্থীদের জন্য একই পদ্ধতিতে নিরুপিত মেধাক্রম অনুযায়ী একটি আলাদা তালিকা প্রণয়ন করা হবে। চূড়ান্ত, অপেক্ষামান এবং সংরক্ষিত আসনের জন্য তালিকাভূক্ত প্রার্থীদের সাক্ষাৎকার ও স্বাস্থ্য পরীক্ষার জন্য নির্ধারিত তারিখে উপস্থিত থাকতে হবে।

অনুষদ নির্বাচন ঃ অনুষদ নির্বাচনের ক্ষেত্রে প্রার্থীদের ভর্তির আবেদনপত্রে পছন্দের ক্রম উল্লেখ করতে হবে এবং পছন্দের এ ক্রম কোন অবস্থাতেই পরিবর্তনযোগ্য নয়।

বিশেষ জ্ঞাতব্য ঃ বিশ্ববিদ্যালয়ের মূল ভর্তির আবেদনপত্র দাখিল না করলে ভর্তির জন্য কোন আবেদন বিবেচনা করা হবে না। অসম্পূর্ণ, অনিয়মিত ও অস্পষ্ট আবেদনপত্র সরাসরি বাতিল করা হবে। নির্বাচিত প্রার্থীদের বিশ্ববিদ্যালয় কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ডে থেকে শারীরিক সুস্থতা সম্পর্কিত 'সন্তোষজনক' সার্টিফিকেট পাওয়ার পর ভর্তি করা হবে। ভর্তি পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের পক্ষ হতে কোন প্রকার যাতায়াত ভাতা দেয়া হবে না এবং তাদের আহার ও বাসস্থানের ব্যবস্থা করার ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের কোন দায়িত্ব থাকবে না। বর্তমানে বিশ্ববিদ্যালয়ের হলসমূহে সীটের অপ্রতুলতা থাকায় ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের হলে সীট প্রদানের কোন নিশ্চয়তা দেয়া সম্ভব নয়। উল্লেখ্য যে, বিশ্ববিদ্যালয় ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ডিগ্রী প্রাপ্তির পর তাদের চাকুরীর ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন প্রকার দায়-দায়িত্ব বহন করবে না।

রেজিস্ট্রার

নং-বাকৃবি/৪৭৬/৭০/ভাপ্রম/৯৫

তারিখ ঃ ২৩-১১-৯৫ ইং

ডি-৯৭৮